



জেলা পরিষদ, ফরিদপুর।

www.zpfaridpur.gov.bd.

স্মারক নং- জেপফ/প্রকৌঃ/৭৩

তারিখঃ

২৬-১১-১৪৩০ বঙ্গাব্দ

১০-০৩-২০২৪ খ্রিষ্টাব্দ

স্থাপনা নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা পরিষদের ব্যবহারের অনুপযোগী জরাজীর্ণ স্থাপনা অপসারণ/বিক্রয়ের জন্য (যেখানে যে অবস্থায় আছে) প্রকৃত ব্যবসায়ী/ইচ্ছুক ক্রয়কারীদের নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

১	সিডিউল প্রাপ্তি ও সিডিউল দাখিলের স্থান	ঃ	ক) জেলা পরিষদ কার্যালয়, ফরিদপুর খ) জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর গ) নির্বাহী প্রকৌশলীর দপ্তর এল.জি.ই.ডি, ফরিদপুর ঘ) উপজেলা নির্বাহী অফিসার, সদর, ফরিদপুর।
২	সিডিউল বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময়	ঃ	২৭-০৩-২০২৪ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত।
৩	দরপত্র গ্রহণের তারিখ ও সময়	ঃ	২৮-০৩-২০২৪ খ্রিঃ তারিখ বেলা-১:০০ টা পর্যন্ত।
৪	দরপত্র খোলার তারিখ ও সময়	ঃ	২৮-০৩-২০২৩ খ্রিঃ তারিখ বেলা-৩:০০ টা।

ক্রমিক নং	কাজের বিবরণ	সিডিউলের মূল্য প্রতি সেট	কাজের সময়
০১	সদর উপজেলায় টেপাখোলাছ হাবেলী গোপালপুর স্টাফ কোয়ার্টার অপসারণ সংক্রান্ত।	৩০০.০০	২১দিন।
০২	সদর উপজেলায় টেপাখোলা লেক সংলগ্ন প্রধান নির্বাহী কর্মকর্তার বাসভবন অপসারণ সংক্রান্ত।	৫০০.০০	২১দিন।
০৩	সদর উপজেলায় টেপাখোলাছ ৩য় শ্রেণির কর্মচারীদের টিনসেড স্টাফ কোয়ার্টার অপসারণ সংক্রান্ত।	৩০০.০০	২১দিন।
০৪	সদর উপজেলায় টেপাখোলাছ অফিসার্স স্টাফ কোয়ার্টার অপসারণ সংক্রান্ত।	৫০০.০০	২১দিন।
০৫	জেলা পরিষদ গোড়াউন বিল্ডিং অপসারণ সংক্রান্ত।	১৫০.০০	২১দিন।

শর্তাবলি :

- ০১। দরদাতা কর্তৃক দরের সমুদয় অর্থ এককালীন পে-অর্ডারের মাধ্যমে (প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফরিদপুর বরাবর) দাখিল করতে হবে। দরপত্রের সাথে পে-অর্ডার না থাকলে অথবা পে-অর্ডারের অর্থ কম হইলে উক্ত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০২। সর্বোচ্চ দরদাতার দর অনুমোদিত হওয়ার পর কার্যাদেশ প্রদানের ২১(একুশ) দিনের মধ্যে স্থাপনা অপসারণ করতে হবে।
- ০৩। স্থাপনা অপসারণের সময় পার্শ্ববর্তী কোন অবকাঠামো ক্ষতিগ্রস্ত হলে ঠিকাদার উহার ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন।
- ০৪। অনুমোদিত সরকারি মূল্য অপেক্ষা কমদর দাখিল করলে উহা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৫। দরপত্রে দরদাতার পূর্ণ নাম ও ঠিকানা পরিষ্কারভাবে লিখতে হবে।
- ০৬। স্থাপনা অপসারণের সময় বিদ্যুৎ/টেলিফোন লাইন থাকলে প্রয়োজনে ঠিকাদারকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহিত যোগাযোগ করে স্থাপনা অপসারণ করতে হবে।
- ০৭। চুক্তিপত্র সম্পাদন ও কার্যাদেশ প্রদানের পূর্বে সর্বোচ্চ দরদাতাকে বিধি মোতাবেক ভাট ও আয়কর প্রদান করতে হবে।
- ০৮। কর্তৃপক্ষ যে কোন দর গ্রহণ কিংবা বাতিল অথবা নিলাম কার্যক্রম স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

শেখ শহীদুল ইসলাম
সহকারী প্রকৌশলী (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, ফরিদপুর।

স্মারক নং- জেপফ/প্রকৌঃ/৭৩(০৬)

তারিখঃ

২৬-১১-১৪৩০ বঙ্গাব্দ

১০-০৩-২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও নোটিশ বোর্ডে প্রচারের জন্য প্রেরণ করা হইলঃ

- ০১। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ০২। চেয়ারম্যান, জেলা পরিষদ, ফরিদপুর।
- ০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফরিদপুর।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, সদর, ফরিদপুর।
- ০৫। বিজ্ঞাপন ম্যানেজার, ক) দৈনিক কালের কণ্ঠ, ঢাকা খ) দি ডেইলি নিউ অবজারভার, ঢাকা গ) দৈনিক ভোরের রানার, ফরিদপুর ঘ) সাপ্তাহিক গণমন, ফরিদপুর। বর্ণিত দরপত্র বিজ্ঞপ্তি আগামী ১১-০৩-২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে আপনার পত্রিকার ভিতরের পৃষ্ঠায় (৩ কলাম X ৫ ইঞ্চি) একবার মাত্র প্রকাশের এবং প্রকাশিত পত্রিকার ০২ (দুই) কপি নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ০৬। অফিস কপি।

সহকারী প্রকৌশলী (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, ফরিদপুর।

